দৈনিক ইনকিলাব

তারিখ ... 7 JUL 2008 ... পৃষ্ঠা ... কলাম ...


# ঢাবি'র গ্রন্থাগারের রেয়ার সেকশন : সংরক্ষণ জরুরী


মুহাঃ আওলাদ হোসেন

গ্রন্থাগার শিক্ষা প্রতিষ্ঠানের অবিচ্ছেদ্য অংশ। প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় তার প্রতিষ্ঠালগ্নেই প্রতিষ্ঠা করেছে একটি সমৃদ্ধিশীল গ্রন্থাগার। প্রতিষ্ঠালগ্নে যার সংগৃহীত পুস্তকের সংখ্যা ছিল মাত্র আঠার হাজার। বর্তমানে যার সংখ্যা দাঁড়িয়েছে ৬ লাখেরও অধিক। সংগৃহীত এ বিশাল পুস্তকের ভান্ডারকে গুরুত্বের বিবেচনায় বিভিন্ন সেকশনে পৃথক পৃথকভাবে সংরক্ষণ করা হয়েছে। এ সকল সেকশনের মধ্যে রেয়ার গুরুত্বের দিক থেকে অন্যতম। এখানে প্রতিষ্ঠা লগ্ন থেকে আজ পর্যন্ত সংগৃহীত সকল পুস্তকের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ পুস্তক সংরক্ষণ করে আসছে। রেয়ার সেকশনে রয়েছে তিনটি শাখা- মুক্তিযুদ্ধ বিষয়ক সেল, জাতিসংঘ সংগ্রহ, আমেরিকান স্টাডি কর্নার। তাছাড়া গবেষকদের জন্য রয়েছে একটি অধ্যয়ন কক্ষ। মুক্তিযুদ্ধ বিষয়ক সেলের বই সংখ্যা প্রায় আড়াই হাজার। নিম্নে কিছু বইয়ের নাম উল্লেখ করা হল। বাংলা ভাগ হল- চ্যাটার্জী জয়া, বাঙ্গালীর মুক্তিযুদ্ধ- মাসুদা ভাট্টী, স্নায়ুশীতলার যুদ্ধ- এমএ আবুল কাশেম, বাংলাদেশ ও সাত বীর শ্রেষ্ঠের কথা- মোঃ আমদাদুল হক, বাংলাদেশ-ভারত সম্পর্ক- মাবায়েদুর রহমান, বাংলাদেশ সরকার-১৯৭১- এইচএম ইমাম, বাংলাদেশের ইতিহাস ১৯৪৭-১৯৭১- মাহবুবুর রহমান, বাংলাদেশ মুক্তিযুদ্ধ- মুজিব আহমেদ, যুদ্ধ ও নারী- এমএ হাসান, যুদ্ধে যাব- আমজাদ হোসেন, একাত্তরের নারী- আলেকা বেগম।

**জাতিসংঘ সংগ্রহ :**

প্রায় প্রত্যেক বছর ঢাবির গ্রন্থাগার জাতিসংঘ থেকে কিছু বই উপহার পায় যা এই শাখায় সংরক্ষণ করা হয়। জাতিসংঘ শাখায় সংগৃহীত পুস্তকের সংখ্যা প্রায় ২০ হাজার। নিম্নে কয়েকটি রিপোর্টের নাম উল্লেখ করা হল, Commission of human rights Report on the sixty First session-14 March-22 April-2005 United Nations Documents index- National Accounts Stalistics; main





*ঢাবি'র কেন্দ্রীয় গ্রন্থাগারের রেয়ার সেকশনের অবহেলিত অবস্থার কিছু অংশ   ছবি : এনামুল হক*

aggregates and Detailed Tables-2005 মোট কথা সংগৃহীত সকল পুস্তক জাতিসংঘ সম্পর্কিত বিভিন্ন রিপোর্ট ও তার কার্যাবলী সম্বলিত।

**আমেরিকান স্টাডি কর্নার :**

আমেরিকা থেকে ঢাবি গ্রন্থাগার প্রতি বছর কিছু বই উপহার হিসেবে পেয়ে থাকে। যা রেয়ার সেকশনের এই শাখায় সংরক্ষণ করা হয়। এর সংরক্ষণকৃত পুস্তকের সংখ্যা প্রায় ১০ হাজার। ক্রমান্বয়ে এর সংখ্যা বেড়েই চলছে। আমেরিকান স্টাডি কর্নারের অধিকাংশ বই আমেরিকার কৃষ্টিকালচার, অর্থনীতি, রাজনীতি, রাষ্ট্রনীতি সম্পর্কিত নিম্নে দু-একটি বইয়ের নাম উল্লেখ করা হল। Black lives white lives- BOB Blauner (ii) American regional culture- Barbara Allen and Thomas (ii) Press and American revolution- Bernard Bailyn and John.

এছাড়াও গবেষকদের জন্য রয়েছে বই পুস্তকে ... রয়েছে ২০ হাজার দুষ্প্রাপ্য পুস্তক, শত বছর পূর্বের কিছু বই, পত্রিকা, সাময়িকী, বৃটিশ আমল থেকে শুরু করে বাংলাদেশের বিভিন্ন কার্যবিবরণী। পত্রিকার মধ্যে ঢাকা প্রকাশ পত্রিকাটি গুরুত্বপূর্ণ। এটিই ঢাকার প্রথম প্রকাশিত দৈনিক পত্রিকা। যা ১৮৭৯-১৯৫৯ সাল পর্যন্ত প্রকাশিত হয়। বইয়ের মধ্য রয়েছে গারো অভিধান, রাশিয়ান স্পোকেন, বৃটিশ স্পোকেন, সাময়িকীর মধ্য রয়েছে ভারতবর্ষ ১৩৬৬-৬৭, প্রবাসী-১৩৭৮, মুহাম্মদী ১৩৫৩, সাধনা-১৩২৭, সমকাল-১৩৬৩, সাহিত্য-১২৯৯, মাহেনাও ১৩৩৮, কার্য বিবরণীগুলোর মধ্যে রয়েছে, ভারতের লোক সভার বিতর্ক, বিধান সভার কার্য বিবরণী পাকিস্তানের কেন্দ্রীয় এবং প্রাদেশিক সংসদ কার্য বিবরণী, ঢাবির সকল বার্ষিক বিবরণী, সিনেট বার্ষিক বিবরণী ১৯২১-২০০৭, জাতীয় শিক্ষা কমিশন রিপোর্ট-১৯৫৯, বাংলাদেশ গ্যাজেট-বৃটিশ আমল বাংলাদেশ আমল। এছাড়া ক্যালকাটা বিশ্ববিদ্যালয়ের বহু পুরাতন ক্যালেন্ডার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল এমফিল ও পিএইচডি থিসিস এবং বিভিন্ন ব্যক্তির দেয়া দুষ্প্রাপ্য পুস্তক রেয়ার সেকশনে সংরক্ষণ করা হচ্ছে। এমফিল ও পিএইচডির থিসিসের সংখ্যা প্রায় ১ হাজার। বিভিন্ন ব্যক্তির দেয়া দুষ্প্রাপ্য পুস্তকের সংখ্যা প্রায় ১৫ হাজার-এর মধ্যে ইসলামিক স্টাডিজ বিভাগের প্রয়াত শিক্ষক ড. সিরাজুল ইসলামের প্রায় ৮ হাজার, হাকিম হাবিবুর রহমানের ৪ হাজার, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রয়াত ড. আফতাব আহমেদের ৫ হাজার, আরশাদ কাকুই-এর আড়াই হাজার।

ঢাবির রেয়ার সেকশন গ্রন্থাগারের একটি গুরুত্বপূর্ণ সেকশন, যা দেশী-বিদেশী